দৈনিক বাংলা

28 JUL 1991
তা 28 JUL 1991
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

41 (৮

# ঢাকা ভার্সিটি ঃ তিন দিন সভা মিছিল বন্ধ কড়া নিরাপত্তা ব্যবস্থা

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গতকাল শনিবার থেকে তিন দিনের জন্য সভা-সমাবেশ-মিছিল নিষিদ্ধ করা হয়েছে। ক্যাম্পাসে বিরাজমান উত্তেজনা প্রশমনের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ব্যবস্থা নিয়েছেন।

শুক্রবার রাতে ভাইস চ্যান্সেলর বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সঙ্গে যোগাযোগ করেন এবং পরবর্তী

(৫-এর পৃঃ দ্রঃ)

## কড়া নিরাপত্তা ব্যবস্থা

(প্রথম পৃষ্ঠার পর)

তিনদিন কোন সভা বা মিছিল না করার জন্য অনুরোধ জানান। ছাত্র নেতৃবৃন্দ ভাইস চ্যান্সেলরকে এ বিষয়ে সহযোগিতার আশ্বাস দেন।

গতকাল ক্যাম্পাসে কোন মিছিল বা সমাবেশ না হলেও উত্তেজনা কমেনি। পরিস্থিতি অপরিবর্তিত রয়েছে। হলে হলে অস্ত্রধারীদের আনাগোনা চলছে।

বিবদমান ছাত্র সংগঠনগুলি গতকাল ক্যাম্পাসে শক্তির মহড়া দেয়।

**ক্যাম্পাসে নজিরবিহীন নিরাপত্তা ব্যবস্থা**

সম্ভাব্য সংঘর্ষ রোধের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে নজিরবিহীন নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রায় ১৪ প্লাটুন নিরাপত্তা বাহিনী ক্যাম্পাসে বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে মোতায়েন রয়েছে। প্রতিটি হলের সামনেও রয়েছে পুলিশ। পুলিশ বাহিনী গতকাল সকাল থেকে দুপুর পর্যন্ত কলাভবন ও মধুর ক্যান্টিন এলাকায় টহল দেয়। মধুর ক্যান্টিনের চারদিকে মোতায়েন রাখা হয় চার লরী পুলিশ।

**কাল পরিবেশ পরিষদের সভা**

আগামীকাল সোমবার সকাল সাড়ে দশটায় ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের সভা অনুষ্ঠিত হবে। ভাইস চ্যান্সেলর বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য সব ছাত্র সংগঠনের নেতৃবৃন্দকে এ সভায় ডেকেছেন।